# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ৩৫. ওহোদের শহীদগণের জন্য আল্লাহর সুসংবাদ (بشارة من الله لشهداء أحد)

আব্দুল্লাহ ইবনু আববাস (রাঃ) হ’তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, لَمَّا أُصِيبَ إِخْوَانُكُمْ بِأُحُدٍ جَعَلَ اللهُ أَرْوَاحَهُمْ فِى جَوْفِ طَيْرٍ خُضْرٍ تَرِدُ أَنْهَارَ الْجَنَّةِ تَأْكُلُ مِنْ ثِمَارِهَا وَتَأْوِى إِلَى قَنَادِيلَ مِنْ ذَهَبٍ مُعَلَّقَةٍ فِى ظِلِّ الْعَرْشِ فَلَمَّا وَجَدُوا طِيبَ مَأْكَلِهِمْ وَمَشْرَبِهِمْ وَمَقِيلِهِمْ قَالُوا : مَنْ يُبَلِّغُ إِخْوَانَنَا عَنَّا أَنَّا أَحْيَاءٌ فِى الْجَنَّةِ نُرْزَقُ لِئَلاَّ يَزْهَدُوا فِى الْجِهَادِ وَلاَ يَنْكُلُوا عِنْدَ الْحَرْبِ فَقَالَ اللهُ سُبْحَانَهُ : أَنَا أُبَلِّغُهُمْ عَنْكُمْ. قَالَ : فَأَنْزَلَ اللهُ (وَلاَ تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِى سَبِيلِ اللهِ أَمْوَاتً ‘যখন তোমাদের ভাইয়েরা ওহোদ যুদ্ধে বিপদগ্রস্ত হয়, তখন আল্লাহ তাদের আত্মাগুলিকে সবুজ পাখির পেটে ভরে দেন। যারা জান্নাতের নদীসমূহের কিনারে অবতরণ করে। তারা সেখানে জান্নাতের ফলসমূহ ভক্ষণ করে এবং আরশের ছায়ার নীচে ঝুলন্ত স্বর্ণ নির্মিত লণ্ঠনসমূহে অবস্থান নেয়। এভাবে যখন তারা সেখানে সুন্দর খানা-পিনা ও বিশ্রামস্থল পেয়ে যায়, তখন তারা বলে, কে আমাদের ভাইদেরকে আমাদের পক্ষ থেকে এ খবর পৌঁছে দিবে যে, আমরা জান্নাতে জীবিত আছি। আমরা রূযী প্রাপ্ত হচ্ছি। যেন তারা জিহাদ থেকে দূরে না থাকে এবং যুদ্ধ থেকে বিরত না হয়। তখন মহান আল্লাহ বললেন, আমিই তোমাদের পক্ষ থেকে পৌঁছে দিচ্ছি। রাসূল (ছাঃ) বলেন, অতঃপর তিনি নাযিল করেন, وَلاَ تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ ‘যারা আল্লাহর রাস্তায় নিহত হয়, তাদেরকে মৃত ভেবো না। বরং তারা জীবিত। তারা তাদের প্রতিপালকের নিকট হতে জীবিকাপ্রাপ্ত হয়’।[1]

আল্লাহ বলেন,وَلَقَدْ صَدَقَكُمُ اللهُ وَعْدَهُ إِذْ تَحُسُّونَهُمْ بِإِذْنِهِ حَتَّى إِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِي الْأَمْرِ وَعَصَيْتُمْ مِنْ بَعْدِ مَا أَرَاكُمْ مَا تُحِبُّونَ مِنْكُمْ مَنْ يُرِيدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَنْ يُرِيدُ الْآخِرَةَ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ وَلَقَدْ عَفَا عَنْكُمْ وَاللهُ ذُو فَضْلٍ عَلَى الْمُؤْمِنِينَ ‘আল্লাহ তোমাদের নিকট (ওহোদ যুদ্ধে) দেওয়া (বিজয়ের) ওয়াদা সত্যে পরিণত করেছেন, যখন তোমরা (দিনের প্রথম ভাগে) ওদের কচুকাটা করছিলে তাঁর হুকুমে। অবশেষে (দিনের শেষভাগে) যখন তোমরা হতোদ্যম হয়ে পড়লে ও কর্তব্য নির্ধারণে ঝগড়ায় লিপ্ত হলে (যেটা তীরন্দাযরা করেছিল) আমি তোমাদেরকে (বিজয়) দেখানোর পর যা তোমরা কামনা করেছিলে, এ সময় তোমাদের মধ্যে কেউ দুনিয়া (গণীমত) কামনা করছিলে এবং কেউ আখেরাত কামনা করছিলে (অর্থাৎ দৃঢ় ছিলে)। অতঃপর তিনি তোমাদেরকে তাদের (উপর বিজয়ী হওয়া) থেকে ফিরিয়ে দিলেন যাতে তিনি তোমাদের পরীক্ষা নিতে পারেন। অবশ্য আল্লাহ তোমাদের ক্ষমা করেছেন। বস্ত্ততঃ আল্লাহ মুমিনদের প্রতি অনুগ্রহশীল’ (আলে ইমরান ৩/১৫২)।

ফুটনোট

[1]. আবুদাঊদ হা/২৫২০; হাকেম হা/২৪৪৪; আহমাদ হা/২৩৮৮, সনদ হাসান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5485

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন